কালের কণ্ঠ

তারিখ 01 OCT 2015
পৃষ্ঠা ১৬ কলাম ৬

জাতীয় বিশ্ববিদ্যালয়

# স্নাতক প্রথম বর্ষে ভর্তি কার্যক্রম আজ শুরু

নিজস্ব প্রতিবেদক, গাজীপুর

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ভর্তি কার্যক্রম আজ বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে। চলবে আগামী ২৫ অক্টোবর পর্যন্ত। বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, ভর্তি আবেদন ফি নির্ধারণ করা হয়েছে ২৫০ টাকা। মাধ্যমিক (এসএসসি) ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার (এইচএসসি) ফলের ভিত্তিতে মেধাতালিকা করে আবেদনকারীদের ভর্তি করা হবে। ক্লাস শুরু হবে আগামী ১ ডিসেম্বর।

ভর্তি নির্দেশিকা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.edu.bd অথবা www.nubd.info) থেকে জানা যাবে।